



প্রবাসে চাকরি সমস্যা - ৪

আরিফুর রহমান খাদেম

বায়োডাটা, নিজ প্রফেসনে দক্ষতা, কম্পিউটারে এবং ইংরেজি ভাষায় পর্যাপ্ত জ্ঞান ইত্যাদির মত সকল দুর্লভ পথ অতিক্রম করে যখন একজন প্রার্থী (candidate) একটি বিশেষ চাকরির ব্যাপারে কোনো এ্যাজেন্সি বা সরাসরি কোনো কোম্পানির কাছ থেকে কল পায় তখন সেটি রিসিভ করতে কত ভালই না লাগে। এটাকে আমরা ইন্টারভিউ স্টেজও বলতে পারি।

এ স্টেজে আসার পরও আমরা কিছু মৌলিক ভুল করতে পারি, যেখানে আমাদের আরও একটু সাবধান হতে হবে। কারণ চাকরি না পাওয়া পর্যন্ত আমাকে মনে রাখতে হবে যে, এ চাকরির জন্য আমার মত আরো অনেকেই ইন্টারভিউর পীড়িতে বসবে। যার কাছ থেকে employer বা interviewer ইন্টারভিউ শুরু আগ থেকে শেষ পর্যন্ত সবকিছু সুন্দর, সাবলীল এবং গুছানোভাবে গ্রহন করবে তারই শেষ পর্যন্ত চাকরি পাওয়ার সম্ভাবনা বেশি থাকবে।

কলারের (যে ইন্টারভিউর জন্য কল করে) সাথে ইন্টারভিউর ব্যাপারে কথা বলার সময় সম্ভব হলে কয়েকটি বিষয় জেনে নিতে পারলে ভাল হয়। যেমন, কাজের পূর্ণ বিবরণ (full job description) এবং কোম্পানির যদি কোনো Web Page থাকে তা-ও ই-মেলের মাধ্যমে পাঠাতে অনুরোধ করা যেতে পারে। এ তথ্যগুলো একজন প্রার্থীকে নিঃসন্দেহে তার ইন্টারভিউর জন্য সুন্দরভাবে প্রস্তুতি নিতে বেশ সহায়ক হবে। একদিকে সে যেমন তার কাজের বিস্তারিত দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে অবগত হবে, অন্যদিকে Web Page-এর মাধ্যমে কোম্পানির ধরন, আকার, আকৃতি, people, locations, growth, products & services ইত্যাদি সম্পর্কেও বিস্তারিত জানা যাবে।

কেউ কেউ ভাবতে পারে এগুলো জিজ্ঞাসা করলে caller বা employer যদি মাইন্ড বা রাগ করে। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, mind করার সম্ভাবনা নেই। কারণ চাললরে বা employer-এর একজন প্রার্থীর প্রতি interest আছে বলেই তাকে ফোন করেছে। বরং প্রার্থীর প্রতি তার ইচ্ছা বা আস্থা কিছুটা হলেও বেড়ে যাবে। এ তথ্যগুলো জিজ্ঞাসা করার মাধ্যমে একজন candidate একটি চাকরি এবং কোম্পানির প্রতি তার গভীর আগ্রহ বা ইচ্ছার কথাই প্রকাশ করেছে। তবে কিছু কিছু ক্ষেত্রে অবশ্য আবেদনকারী এ তথ্যগুলো চাওয়ার আগেই পেয়ে যায়।

তাছাড়া কলারের কাছে ইন্টারভিউ কতক্ষন চলবে (duration of the interview) তা-ও জেনে নেয়া যেতে পারে। কারণ কিছু কিছু মিটিং-এর পর প্রার্থীকে কম্পিউটারের সফটওয়্যারের উপর কিছু টেস্ট দিতে হয়। যাতে interviewee ইন্টারভিউর দিন যথেষ্ট সময় হাতে নিয়ে ইন্টারভিউতে যেতে পারে। কিছু কিছু প্রার্থী সময়ের অভাবে ইন্টারভিউর দিন সব কিছুতেই বেশ তাড়াহুড়া করে। বার বার ঘড়ির দিকে তাকায়। যা interviewer ভাল চোখে দেখে না। ফলে তার overall ফলাফল বা performance আশানুরূপ হয় না।

সময় জানতে গিয়ে test-এ বসার বিষয়টি জানতে পারলেতো নিজেরই লাভ, কারণ টেস্টের জন্যও আলাদা একটা প্রস্তুতি (preparation) নেয়া যাবে। অর্থাৎ ইন্টারভিউর দিন ইন্টারভিউতে যতটা সম্ভব

সময় নিয়ে বা relax mood-এ যাওয়া যাবে ততই মঙ্গল। ইন্টারভিউর শুরুতে বা ইন্টারভিউ চলাকালীন সময় যদি আমার মাথায় কাজ করে যে আধা ঘন্টা পর আমাকে আমার কাজে ফিরে যেতে হবে, বা আমাকে ডাকারের কাছে যেতে হবে, তাহলে সেটা কখনোই ফলপ্রসূ ইন্টারভিউ হবে না। শুধুই সময় নষ্ট (wastage of time)।

কেউ কেউ ইন্টারভিউতে দেরি করে আসে। এই দেরি হওয়ার পেছনে কিছু যৌক্তিক কারণ থাকতেই পারে। সেক্ষেত্রে ইন্টারভিউর বেশ আগেই প্রার্থী বিনয়ের সাথে employer কে একটা ফোন কল দিতে পারে। I'm really sorry as I'll be running about 10/20 minutes late. Is that OK? তারপর দেখা হওয়ার পর বা মিটিং শুরুর আগে দেরিতে আসার জন্য সুন্দরভাবে ক্ষমা চাইলে প্রার্থীর উপর interviewer-এর আর কোনো আক্ষেপ থাকবে না।

তবে একজন প্রার্থীর অবশ্যই উচিত interview তে কমপক্ষে ১০/১৫ মিনিট আগে এসে পৌঁছা, যা তাকে শুধু meeting-এর জন্য মানসিকভাবে প্রস্তুত থাকতেই সহায়তা করবে না, interviewer-এর চোখেও তার সময়ানুবর্তীতার সুন্দর পরিচয় মিলবে।

arifurk2004@yahoo.com.au